center for zakat management
CZM

# ZAKAT

A Newsletter of
Center for Zakat Management

মার্চ - ২০২৩, ফাল্গুন - ১৪২৯, শা'বান - ১৪৪৪ | সংখ্যাঃ ২৬

## একাদশ যাকাত ফেয়ার অনুষ্ঠিত হচ্ছে ১১ ও ১২ মার্চ ২০২৩

'মেকিং এ ডিফরেন্স উইথ যাকাত' এই প্রতিপাদ্য নিয়ে অনুষ্ঠিত হতে যাচ্ছে একাদশ যাকাত ফেয়ার ২০২৩। সিজেডএম আয়োজিত এ ফেয়ারের উদ্দেশ্য হচ্ছে সংগঠিত ও পরিকল্পিত উপায়ে যাকাত প্রদান, যাকাত সংক্রান্ত বিভিন্ন বিষয়ে পরামর্শ এবং দারিদ্র বিমোচন সংক্রান্ত বিভিন্ন সংস্থার অভিজ্ঞতা বিনিময়।

যাকাত ফেয়ার অনুষ্ঠিত হবে ১১ ও ১২ মার্চ ২০২৩ ঢাকার তেজগাঁও লিংক রোডস্থ আলোকি কমিউনিটি সেন্টারে। বিশিষ্ট অর্থনীতিবিদ প্রফেসর ড. ওয়াহিদউদ্দিন মাহমুদ ফেয়ারের উদ্বোধন করবেন বলে আশা করা যাচ্ছে।

যাকাত ফেয়ারে থাকছে বিভন্ন বিষিয়ের উপর সেমিনার, গোলটেবিল বৈঠক, শিক্ষার্থীদের অধিবেশন ও প্রশ্নোত্তর সেশন। এছাড়াও থাকছে ইসলামিক সোশাল ফাইনান্স প্রতিষ্ঠান ও বিভিন্ন প্রকাশনীর স্টল।

ফেয়ারে সর্বস্তরের জনগণ বিশেষ করে বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ, উন্নয়নকর্মী, শিক্ষাবিদ ও ব্যবসায়ীরা অংশগ্রহণ করবেন বলে আশা করা যায়।




## সিজেডএম - এর পঞ্চদশ বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত






বিগত ৯ জানুয়ারি ২০২৩ তারিখে সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্টের বার্ষিক সাধারণ সভা ঢাকার একটি হোটেলে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সিজেডএম-এর প্রধান নির্বাহী কর্মকর্তা ও গভর্নিং বোর্ডের সাধারণ সম্পাদক ড. মোহাম্মদ আইয়ুব মিয়া ২০২১-২২ অর্থবছরে সম্পাদিত কার্যক্রমের প্রতিবেদন উপস্থাপন করেন। তিনি উল্লেখ করেন যে, গত বছর বিভিন্ন প্রকল্পের মধ্যে একটি ব্যতিক্রমধর্মী প্রকল্প ছিল হাওর এলাকার মৎস্যজীবীদের মধ্যে ফাইবার গ্লাসের তৈরি ইঞ্জিন নৌকা বিতরণ। ইতোমধ্যে কিশোরগঞ্জ জেলাধীন নিকলী উপজেলার ১৫০ টি পরিবারের মধ্যে ৪০টি নৌকা বিতরণ করা হয়েছে। তিনি আরো জানান যে সিজেডএম ৮টি দিবা ও আবাসিক স্কুল পরিচালনা করছে এবং স্কুল দুটো আবাসিক স্কুল সুবিধাবঞ্চিত বালিকাদের জন্য নির্মানাধীন রয়েছে।

সভায় সিজেডএম-এর কোষাধ্যক্ষ আরাস্তু খান সংস্থার ২০২১-২০২২ অর্থবছরের নিরক্ষিত ব্যালেন্স শিট ও হিসাব বিবরণী উপস্থাপন করেন। বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সদস্যবৃন্দ যাকাতের গুরুত্ব ও যাকাতভিত্তিক কর্মসূচি জনগনের মধ্যে ছড়িয়ে দেওয়ার পরামর্শ দেন। সিজেডএম-এর গভর্ণিং বোর্ডের চেয়ারম্যান নিয়াজ রহিমের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় বিচারপতি মোহাম্মদ আব্দুর রউফ, লেফটেন্যান্ট জেনারেল (অবঃ) এম নূরউদ্দিন খান, এএমএম নাসির উদ্দিন, আব্দুল মুয়ীদ চৌধুরী, ফিরোজ রহিম, ড. আব্দুল মজিদ, একেএম নুরুল ফজল বুলবুলসহ অন্যান্যরা অংশ গ্রহণ করেন।

## তরুণ ব্যবসায়ী নেতাদের সাথে অভিজ্ঞতা বিনিময় সভা






সিজেডএম বিগত ২ ফেব্রুয়ারী ২০২৩ তারিখে ঢাকার একটি স্থানীয় হোটেলে ণড়ঁহম ইঁংরহবংং খবধফবৎং ভড়ৎ ঐঁসধহরঃু প্রতিপাদ্য নিয়ে তরুণ ব্যবসায়ী নেতাদের সাথে মত বিনিময় সভার আয়োজন করে। প্রায় ৪০ জন তরুণ ব্যবসায়ী নেতা এ সভায় অংশগ্রহণ করে। তাদেরকে জানানো হয় যে, সিজেডএম যাকাত ও সাদাকাহ তহবিল কার্যকরভাবে ব্যবহারের মাধ্যমে এ পর্যন্ত প্রায় ১২ লক্ষাধিক মানুষকে সহায়তা করেছে। সভায় কয়েকজন যাকাত গ্রহীতা জিনিয়াস স্কলারের পারিবারিক করুন কাহিনী শুনে ব্যাবসায়ী নেতারা আবেগাপ্লুত হয়ে পড়েন। সভায় ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রির সাবেক প্রেসিডেন্ট আবুল কাশেম খান প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

## কেরানীগঞ্জে সিজেডএম কিডনি ডায়ালিসিস এন্ড ট্রান্সপ্লান্ট সেন্টার স্থাপন







আর্থিকভাবে অসচ্ছল কিডনি রোগীদের বিনামূল্যে ডায়ালিসিস সুবিধা প্রদানের জন্য সিজেডএম ঢাকার কেরানীগঞ্জে ১টি ডায়ালাইসিস সেন্টার স্থাপন করেছে। বিগত ১৫ ফেব্রুয়ারিতে উক্ত কেন্দ্র উদ্বোধন করেন পিপিআরসি-র চেয়ারম্যান ও তত্ত্বাবধায়ক  সরকারের সাবেক উপদেষ্টা ড. হোসেন জিল্লুর রহমান। এ উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে কিডনী বিশেষজ্ঞ প্রফেসর তৌহিদ হোসেন জানান যে, বাংলাদেশে প্রায় ২ কোটি মানুষ বিভিন্ন পর্যায়ে কিডনি রোগে আক্রান্ত এবং এর মধ্যে ৪০ হাজার রোগী আর্থিক সংকটে ডায়ালাইসিস করতে না পারায় মৃত্যুবরণ করে। এরূপ পরিস্থিতি বিবেচনায় সিজেডএম প্রতি বছর ৫ হাজার অসহায় রোগীকে বিনামূল্যে ডায়ালিসিস সুবিধা প্রদানের জন্যে এ সেন্টার প্রতিষ্ঠা করেছে। সিজেডএম-এর চেয়ারম্যান নিয়াজ রহিমের সভাপতিত্বে এ সভায় আরো বক্তব্য রাখেন আকিজ গ্রুপের চেয়ারম্যান সেখ. নাসিরউদ্দিন, সাবেক সচিব এএমএম নাসিরউদ্দিন ও সেখ. আজিজ উদ্দিন।

## ঢাকা ও চট্টগ্রামে ২টি জীবিকা প্রকল্পের যাত্রা শুরু




সিজেডএম ঢাকার কেরানীগঞ্জ ও চট্টগ্রামের ফটিকছড়িতে ২টি নতুন জীবিকা কর্মসূচি বাস্তবায়ন শুরু করেছে। ২টি প্রকল্পের ১ হাজার পরিবার উপকৃত হবে। এ সকল পরিবার আয়বর্ধক কর্মসূচির জন্য মূলধন ও দক্ষতা বৃদ্ধি প্রশিক্ষণ পাবে। এছাড়াও তারা নিরাপদ পানি, স্বাস্থ্যসম্মত পয়ঃনিষ্কাশন ব্যবস্থা, শিশু শিক্ষা ও চিকিৎসা সুবিধা পাবে।

## তুরস্কের ভূমিকম্পে ক্ষতিগ্রস্থ মানুষের পাশে সিজেডএম




মানবিক সংকটে বিপন্ন মানুষের পাশে দাঁড়ানো সিজেডএম-এর নৈতিক কর্তব্য। তাই সম্প্রতি তুরস্ক ও সিরিয়ায় সংঘটিত ভয়াবহ ভূমিকম্পে ক্ষতিগ্রস্থদের সহায়তায় সিজেডএম দশ ট্রাক বোঝাই কমফোর্টার (উন্নতমানের লেপ) ঢাকাস্থ তুর্কি দূতাবাসে হস্তান্তর করে।

## এতিম ও দুঃস্থ বালিকাদের জন্যে আবাসিক স্কুল





সিজেডএম সুবিধাবঞ্চিত শিশুদের জন্যে ঢাকার সাভার, মানিকগঞ্জ, বগুড়া, ফরিদপুর ও কুমিল্লায় মোট ৮টি প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় পরিচালনা করে। এতে ১৫০০ ছাত্রছাত্রী বিনামূল্যে লেখাপড়ার সুবিধা পাচ্ছে। এছাড়াও সিজেডএম খুলনা ও নীলফামারীতে এতিম ও দুঃস্থ কন্যা শিশুদের জন্যে ২টি উন্নতমানের আবাসিক বিদ্যালয় নির্মাণ শুরু করেছে। বিদ্যালয় ২টির নির্মাণ কাজ শেষ হলে প্রায় ২০০ কন্যা শিশু আবাসিক সুবিধাসহ লেখাপড়া ও উন্নত জীবনের সুযোগ পাবে।

## হনুফা বেগম এখন সাবলম্বী



কিশোরগঞ্জের হনুফার স্বামী বয়সের ভারে নুব্জ্য। তিনি কোনো কাজ করতে পারেন না। তার নিজেরও উপার্জনের কোনো পথ নেই। এমন অবস্থায় সিজেডএম তাকে জীবিকা প্রকল্পের সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করে এবং তাকে ছাগল পালনের পরামর্শ দিয়ে মূলধন সরবরাহ করে। তিনি প্রথমে ৩টি ছাগল ক্রয় করে তার বিনিয়েগের যাত্রা শুরু করেন। কয়েক বছরের ব্যবধানে তিনি ১১টি ছাগলের মালিক হন। এভাবে হত দরিদ্র অবস্থা থেকে বেরিয়ে আসেন। উল্লেখ, সিজেডএম এ পর্যন্ত প্রায় ৬০টি প্রকল্পের মাধ্যমে ২৭ হাজার পরিবারকে সাবলম্বী হতে সহায়তা করেছে।

## পিতৃহীন হিমেল এখন গাড়ি চালক





পিতাহারা এতিম যুবক হিমেল আর্থিক সংকটের কারণে মাধ্যমিক পরীক্ষা পাশের পর লেখাপড়া আর চালিয়ে যেতে পারেনি। তার মা একজন কুরআনের শিক্ষক। সেলাইয়ের কাজ করে কোনো রকম সংসার চালাচ্ছিলেন। এমতাবস্থায় হিমেল সিজেডএম-এর আর্থিক সহায়তায় ফরিদপুর মুসলিম মিশন কারিগরি শিক্ষা কেন্দ্র থেকে ড্রাইভিং প্রশিক্ষণ নেওয়া শুরু করে। দীর্ঘ ৪ মাস নিবিড় প্রশিক্ষণের পর হিমেল ড্রাইভিং লাইসেন্স লাভ করে। সে এখন একটা বেসরকারি কোম্পানিতে ড্রাইভার হিসেবে চাকরি করছে। হিমেলের মা এখন সাবলম্বী হওয়ার স্বপ্ন দেখছে। উল্লেখ, সিজেডএম এ পর্যন্ত প্রায় ১০০০ জন তরুণকে ড্রাইভিং প্রশিক্ষণ দিয়েছে।

## বসবাসের জন্যে রাবেয়া পেলো নতুন গৃহ



পূর্বের ঘর



বর্তমান ঘর

সাতক্ষীরার রাবেয়া তার প্রতিবন্ধী স্বামীকে নিয়ে একটি জরাজীর্ণ ঘরে বসবাস করতো। তারা জীবন জীবিকার জন্যে কঠিন সংগ্রাম করে যাচ্ছিলো। তাদের এ দুর্দশা দেখে সিজেডএম তাদের জন্যে একটি ঘর নির্মাণ করে দিয়েছে। অপরদিকে, তারা জীবিকা সাতক্ষীরা প্রকল্পের সদস্য হয়ে সাবলম্বী হওয়ার স্বপ্ন দেখছে। উল্লেখ, সিজেডএম এ পর্যন্ত প্রায় ২৫০টি সুবিধাবঞ্চিত পরিবারের ঘর নির্মাণ করে দিয়েছে।

center for zakat management
CZM
সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট
বাড়ী-২৬, রোড-৭, ব্লক-সি, নিকেতন, গুলশান-১, ঢাকা-১২১২, বাংলাদেশ।
+৮৮০ ২ ২২২২৯৮২৫৫, ০১৭২৯ ২৯৬ ২৯৬
info@czm-bd.org fb.com/czm.org www.czm-bd.org

center for zakat management
CZM

# ZAKAT

A Newsletter of
Center for Zakat Management

March 2023, Falgun - 1429, Sha'ban - 1444 | Issue 26

## 11th Zakat Fair kicks off on 11 March in Dhaka

With an objective to motivate people to give their Zakat in an organized manner; clarify various issues on Zakat; and share experience of various organizations working with Zakat fund for poverty alleviation, Center for Zakat Management (CZM) is going to organize the Zakat Fair for the 11th times in Dhaka during 11 & 12 March 2023. Eminent Economist Professor Dr. Wahiduddin Mahmud is expected to inaugurate the fair.

The fair is comprised of seminars on different subjects, round table conference, session for students, QA sessions on Zakat, and stalls of different Islamic Social Finance organizations. People of all spheres including renowned Islamic scholars, academics, development practitioners and businessmen are expected to participate the fair.




## 15th AGM of CZM Held






The 15th Annual General Meeting of CZM held on Monday, 09 January 2023 at a local hotel in Dhaka.
The CEO of CZM and General Secretary of the Governing Board Dr. Mohammad Ayub Miah has presented the report of the activities of CZM during 2021-22 in the AGM. CZM activities have increased manifold after Covid-19 pandemic. Under special initiative, CZM has distributed fiber glass boats to needy fisherman at Hoar areas. He added that CZM has been operating 08 schools at different districts; another 02 schools are in the development phase.

The Treasurer Arastoo Khan presented the Audited Balance Sheet and Statement of Accounts for the financial year 2021-2022 to the AGM.

The AGM members suggested CZM to take initiatives to transfer the philosophy of Zakat and the strategies of Zakat-based programs to the public.

The meeting was chaired by Niaz Rahim, Chairman of Governing Board while Justice Muhammad Abdur Rouf, Lt. Gen (Retd) M. Nooruddin Khan, Abdul Muyeed Chowdhury, Feroz Rahim, AKM Nurul Fazal Bulbul, AMM Nasir Uddin, Dr. Mohammad Abdul Mazid and other Board Members and General Members were present and participated in the meeting.

## Sharing Experience of Exploring Gold Mines with Young Business Leaders






CZM organized a session on ‘Sharing Experience of Exploring Gold Mines (Zakat) with Young Business Leaders on 2nd February 2023 at a local hotel in Dhaka. Around 40 Young Business Leaders attended the session and listened CZM’s experience of changing lives of more than a million people with Zakat and Sadaqah fund. Being moved by the heart touching stories of CZM Zakat recipients and knowing CZM’s successes, the young Business leaders showed their interest about Zakat based charity & development activities.

Former President of Dhaka Chamber of Commerce & Industries, Abul Kasem Khan was present at the program as the Chief Guest. He urged the young leaders to be dutiful about payment of Zakat properly.

## CZM Kidney Dialysis and Transplant Center Inaugurated in Keraniganj, Dhaka







In order to support needy Kidney patients, CZM established a Kidney Dialysis and Transplant Center (KDTC) at Keraniganj, Dhaka. Eminent Economist Dr. Hossain Zillur Rahman, Chairman of PPRC inaugurated the Center on 15th February 2023.

It was reported in the event that two crore people in Bangladesh (one out of every seven people) are kidney patient and as many as 40000 people die not be able to take dialysis services due to financial problem. Considering this scenario, CZM took the initiative as a pilot project with a facility to serve 5,000 dialysis in a year.

The inauguration ceremony was chaired by Niaz Rahim, Chairman of CZM while Shiekh Nasiruddin (Chairman, Akij Group), Shiekh Azizuddin (MD, Akij FMCG), Amm Nasiruddin (Former Secretary to GoB) attended as Guests. CZM CEO Dr. Mohmmad Ayub Miah, KDTC Project Director Dr. Towhid Hosen spoke at the event.

## Two new Jeebika Projects Started in Dhaka and Chattogram




CZM has undertaken two more new livelihood projects (Jeebika) aimed to alleviating poverty and self-reliance of the poverty-stricken people. The two new projects are located at Savar, Dhaka and Fatikchari, Chattogram. As many as 1000 nos. more families will be benefited under these two integrated poverty alleviation projects. These families will engage themselves in income generating activities for the betterment of their socioeconomic status and will also increase their skills in receiving various skill development trainings. In addition, they will be provided with safe water, sanitation, education and health care facilities.


## CZM stood beside the Earthquake Stricken people of Türkiye




One of the mandate of CZM is to respond to the humanitarian crisis. As per the mandate, CZM responded to the humanitarian crisis caused due to devastating earthquake hitting parts of Türkiye and Syria. Initially, CZM has handed over 10 trucks of comforters to the Embassy of Türkiye in Bangladesh.

## Construction Work of Two new schools for Needy Female Students Started





CZM has been operating eight Granada Schools at Savar, Manikganj, Bogura, Faridpur and Cumilla for the needy students. CZM has been striving to provide Quality Education at the schools so that the students can be competent enough to combat challenges of 21st century.

However, CZM has planned to establish two new Granada Schools for needy female students at Khulna and Nilphamari. After completing necessary ground works, construction work of the schools has already started. It is expected that the construction work would be finished by the end of the year and CZM would be able to start admission and class activity from January 2024.

## Honufa Begum Became Solvent



Honufa's Husband can't work due to old age. Earning minimum livelihood was very difficult for her. After being a Mustahik of CZM's Jeebika Project at Kishoreganj, CZM advised her to rear goats and provided necessary capital. Started with 03 goats, she owns 11 goats now. She has come out extreme poverty, Alhamdullilah.

CZM has provided income generation support to 27,000 families so far. Besides income generation, CZM provide water & sanitation, health, education and emergency humanitarian support to the Mustahiks of Jeebika project.

## Himel Became a Driver





Himel, an orphan, couldn't continue his studies after SSC due to financial problem. Her mother has been providing for the four members family through teaching Quran to children and dressmaking works from dawn to dusk. The urge to earn for the family compelled Himel to take driving training at CZM supported Technical Training Institute at Faridpur Muslim Mission. After four months intensive training, Himel qualified to be a Driver. He has now been working at a private company as a Driver. Tough days for himel's mother has gone, Alhamdullilah. CZM provided driving training to 935 unskilled youths so far.

## Rabeya gets New House



Previous Houes



Present House

Rabeya and her handicapped husband has been living a shabby clay house for years. Let alone building a habitable house, they struggle to manage their daily livelihood. CZM stretched its hand to Rabeya's family and built a house for them. Rabeya and her husband has been very happy to get a new house. Rabeya is Mustahik (Zakat recipient) of Jeebika Unnayan Kendro (JUK), Satkhira.

center for zakat management
CZM

**Center for Zakat Management (CZM)**

House- 26, Road- 07 Block- C, Niketon, Gulshan-1, Dhaka -1212

+880 2 222298255, 01729 296 296

info@czm-bd.org fb.com/czm.org www.czm-bd.org